

# কংগ্রেস ও জহরের নিশানায় বিদেশমন্ত্রী

নিজস্ব সংবাদদাতা

নয়াদিল্লি, ২২ ফেব্রুয়ারি: বিদেশ মন্ত্রী এস জয়শঙ্করকে আজ আক্রমণ করলেন প্রাক্তন আমলা তথা রাজ্যসভার তৃণমূল সাংসদ জহর সরকার। গত কাল এক সাক্ষাৎকারে জয়শঙ্কর অভিযোগ করেন, তাঁর বাবা কে সুব্রহ্মণ্যমকে সচিব পদ থেকে সরান ইন্দিরা গান্ধী। তা নিয়ে বিদেশ মন্ত্রীকে আক্রমণ করেছে কংগ্রেসও।

জয়শঙ্কর গত কালই কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে আক্রমণ করতে গিয়ে ইন্দিরা জমানার প্রসঙ্গ টেনে এনেছিলেন। তা নিয়ে আজ জহরের টুইট-আক্রমণ, ‘এটা খুবই আশ্চর্যের যে জয়শঙ্কর গান্ধীদের উত্তরে এত ফ্লোভ উগড়ে দিয়েছেন। অথচ তিনি সবচেয়ে ভাল পদগুলি পেয়েছিলেন কংগ্রেস জমানায় এবং তাঁদের যথেষ্ট অনুগতই ছিলেন। ইউপিএ জমানায় ২০০৪ থেকে ২০০৭ পর্যন্ত জয়শঙ্কর বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব (আমেরিকা) ছিলেন। সে সময়ে আমেরিকা নরেন্দ্র মোদীকে ভিসা দেওয়া বন্ধ করে দেয়’।

গুজরাতে গোধরা পরবর্তী হিংসা নিয়ে জয়শঙ্করের বাবা কী বলেছিলেন, আজ তা-ও মনে করিয়ে দেন জহর। লিখেছেন, ‘কে সুব্রহ্মণ্যম বলেছিলেন, ‘ধর্মকে গুজরাতে (২০০২ সালের দাঙ্গায়) খুন করা হয়েছিল। যাঁরা নিরপরাধ নাগরিকদের রক্ষা করতে

ব্যর্থ হয়েছিলেন, তাঁরা অধর্মের দোষে দোষী। ভগবান রামচন্দ্র গুজরাতে অসুর শাসকদের বিরুদ্ধে তাঁর ধনুক ব্যবহার করতেন’। অসুরের সেবক ছেলের জন্য লজ্জা।”

বিদেশ মন্ত্রীকে ছেড়ে কথা বলেনি কংগ্রেসও। দলের মুখপাত্র সুপ্রিয়া শ্রীনেতে বলেছেন, “জয়শঙ্কর বড়াই করেছেন যে তিনি চিনে সবচেয়ে দীর্ঘস্থায়ী রাষ্ট্রদূত ছিলেন। তিনি যা বলছেন, সেই অনুযায়ী বিশ্বের বড় শক্তিগুলির সামনে ছোট দেশগুলির লড়াই করা উচিত নয়। এটি এখন পর্যন্ত চিন সম্পর্কে সবচেয়ে বিতর্কিত বক্তব্য। জিজ্ঞাসা করছি, আপনি এবং আপনার প্রভু চিনের নাম কেন নেন না? বিদেশমন্ত্রী দেশের প্রতিটি সৈন্যের মনোবল ভাঙার কাজ করেছেন।” সুপ্রিয়া প্রশ্ন তুলেছেন, “প্রধানমন্ত্রী কি আপনার পরামর্শে মিথ্যা বলেছেন যে কেউ ভারতীয় সীমান্তে প্রবেশ করেনি? সরকার কি আপনার পরামর্শেই চিন প্রশ্নে নীরব? গালওয়ানের পরেও ভারত কেন চিনের সঙ্গে বাণিজ্য বাড়াচ্ছে?” বিভিন্ন বিদেশি দাতব্য সংস্থার সঙ্গে যুক্ত রয়েছেন বিদেশ মন্ত্রীর পুত্র। সুপ্রিয়ার খোঁচা, “যে হেতু আপনার ছেলে এই সংস্থাগুলির সঙ্গে যুক্ত, তাই তাদের অনুদান পাওয়া নিয়ে সমস্যা হচ্ছে না। ভারতের ভাবমূর্তি বদলানোর ক্ষেত্রেও তাদের কোনও ভূমিকা কারও চোখে পড়ছে না।”